

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
অপ্রধান শস্য কর্মসূচি  
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
**Web: mcpmp.brdb.gov.bd**

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.০২.০০২.২৪.১৮


তারিখ: ১২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
২৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: অপ্রধান শস্য কর্মসূচি'র দাপ্তরিক পরিচালন ব্যয়ের অর্থ প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন 'অপ্রধান শস্য কর্মসূচি' বিগত ০১/০১/২০২৪ খ্রিঃ তারিখ হতে বিআরডিবি'র নিজস্ব কর্মসূচি হিসেবে বাস্তবায়িত হচ্ছে। বাস্তবায়নাধীন এ কর্মসূচির 'কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা' অনুসারে কর্মসূচি বাস্তবায়নের সঙ্গে জড়িত সকল পর্যায়ের দাপ্তরিক যাবতীয় ব্যয় কর্মসূচি'র বিতরণকৃত ঋণ তহবিলের বিপরীতে আদায়কৃত সেবামূল্য (সুদ) হতে নির্বাহযোগ্য। এ বিষয়ে অপ্রধান শস্য কর্মসূচি বাস্তবায়ন নীতিমালার অনুচ্ছেদ-২০ এ সুনির্দিষ্ট বিভাজন সংক্রান্ত নির্দেশনা রয়েছে। কর্মসূচি'র দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত উপর্যুক্ত নির্দেশনা অনুসারে কর্মসূচি'র জেলাদপ্তরের প্রাপ্য (৪% এর ০.১০% এবং ৮% এর ০.২৫%) স্ব স্ব জেলার উপপরিচালক দপ্তরে উপপরিচালকের নির্দেশনা মোতাবেক প্রেরণ করতে হবে। এছাড়া উপ-অঞ্চলের প্রাপ্য (৪% এর ০.২০% ও ৮% এর ০.৭৫%) এবং কর্মসূচি সদর দপ্তরের প্রাপ্য (৪% এর ০.২০% ও ৮% এর ০.২৫%) এর অর্থ 'অপ্রধান শস্য কর্মসূচি' সদরদপ্তরে একত্রে ত্রৈমাসিকভিত্তিতে প্রেরণ করতে হবে। অপ্রধান শস্য কর্মসূচি'র উপ-অঞ্চল ও কর্মসূচি সদরদপ্তরের প্রাপ্য এই দাপ্তরিক পরিচালন ব্যয় এর অর্থ কর্মসূচি সদরদপ্তরে প্রেরণের নিমিত্ত নিম্নরূপ নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো:

- ১। কর্মসূচি সদরদপ্তরে প্রেরণযোগ্য এই অর্থ এর হিসাব ত্রৈমাসিক প্রতিবেদনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।
- ২। প্রতি ত্রৈমাসের অর্থ ত্রৈমাস শেষের পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। শুধুমাত্র ৪র্থ ত্রৈমাসিক এর অর্থ জুন মাসের ২৫ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ৩। প্রেরণযোগ্য এই অর্থ ব্যাংক-ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে ত্রৈমাসিক ভিত্তিতে কর্মসূচি সদরদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ৪। ব্যাংক-ড্রাফট / পে-অর্ডার এর শিরোনাম হবে "অপ্রধান শস্য কর্মসূচি, সদরদপ্তর, ঢাকা" (বাংলাদেশ কৃষি ব্যাংক, কাওরান বাজার কর্পোরেট শাখা, ঢাকা, হিঃ নং: ৪১০১-০৩২০০০১০০১)।
- ৫। ব্যাংক-ড্রাফট/ পে-অর্ডার সরাসরি ডাকযোগে/ কুরিয়ারের মাধ্যমে প্রেরণ করতে হবে (প্রয়োজনে স্ব স্ব উপ-অঞ্চলের অপ্রধান শস্য বিশেষজ্ঞ/ শস্য উন্নয়ন কর্মকর্তা এর সহযোগিতায় ব্যাংক-ড্রাফট / পে-অর্ডার প্রেরণ করা যেতে পারে)।

বিষয়টি অতীব জরুরি।



২৫-০৪-২০২৪  
মোঃ তাফজেল হোসেন  
কর্মসূচি পরিচালক  
০২৫৫০১১৭৪৯  
pdmcpmp@brdb.gov.bd

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বিআরডিবি, উপজেলা:.....(২৫৬), জেলা:.....  
(সকল)।


স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.০২.০০২.২৪.১৮/১ (৫)

তারিখ: ১২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
২৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, বিআরডিবি, জেলা: .....(সকল);
- ২। উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (পত্রটি বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৩। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত);
- ৪। একান্ত সহকারী, সরেজমিন বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড [পরিচালক (সরেজমিন) মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত] এবং
- ৫। অপ্রধান শস্য বিশেষজ্ঞ / শস্য উন্নয়ন কর্মকর্তা, উপপরিচালকের কার্যালয়, বিআরডিবি, উপ-অঞ্চলভিত্তিক জেলা:  
.....(২০)।





২৫-০৪-২০২৪  
মোঃ তাফজেল হোসেন  
কর্মসূচি পরিচালক